**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 28–08–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) আগামী চৌঠা সেপ্টেম্বর থেকে ৬ই সেপ্টেম্বর পর্যন্ত ত্রয়োদশ বিধানসভার পঞ্চম অধিবেশন অনুষ্ঠিত হবে ।**

**(২) রাজ্যের বন্যা পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখতে কেন্দ্রীয় আন্ত:মন্ত্রনালয়ের সচিব পর্যায়ের এক প্রতিনিধিদল আজ রাজ্যে এসে পৌছেছে ।**

**(৩) সরকারের প্রধান আর্থিক অন্তর্ভুক্তি প্রকল্প প্রধানমন্ত্রী জন ধন যোজনা আজ ১০ বছর পূর্ণ করেছে ।**

**(৪) ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতা আগামীকাল থেকে শুরু হচ্ছে ।**

******************************************

**BAC Meeting-Ratanlal Nath :**

ত্রিপুরা বিধানসভার সভাকক্ষে আজ বিজনেস এডভাইসরি কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকের শুরুতেই বন্যায় নিহতদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। বৈঠকে সিদ্ধান্ত হয় যে আগামী চৌঠা সেপ্টেম্বর থেকে ৬ই সেপ্টেম্বর

পর্যন্ত ত্রয়োদশ বিধানসভার পঞ্চম অধিবেশন অনুষ্ঠিত হবে। বিধানসভার অধক্ষ্য বিশ্ববন্ধু সেন জানান অধিবেশনে বিভিন্ন বিল ও গুরুত্বপূর্ণ বিষয়ের পাশাপাশি সাম্প্রতিক বন্যা নিয়েও আলোচনা করা হবে। বৈঠকে বিধানসভার পরিষদীয় দলনেতা রতনলাল নাথ,বিধায়ক অনিমেষ দেব্বর্মা, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, মুখ্য সচেতক কল্যাণী সাহা রায় সহ অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

এই বৈঠকের পর সংসদ বিষয়ক মন্ত্রী রতনলাল নাথ সাংবাদিকদের জানান প্রথমবারের মতো আগামী বিধানসভা অধিবেশনে দোভাষী পদ্ধতি চালু হচ্ছে। ফলে, ককবরক, বাংলা কিংবা ইংরেজিতে অধিবেশনে সদস্যরা কথা বললে তা দোভাষীর মাধ্যমে পছন্দ অনুযায়ী ভাষায় অনুবাদ হবে।

****************************

**FLOOD SITUATION DISASTER :**

রাজ্যের বন্যা পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখতে রাজ্য সরকারের অনুরোধে কেন্দ্রীয় আন্ত:মন্ত্রনালয়ের সচিব পর্যায়ের এক প্রতিনিধিদল গতকাল রাজ্যে এসে পৌছেছে। রাজ্য সরকারের রাজস্ব সচিব বৃজেশ পান্ডে মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে এই তথ্য জানান। তিনি বলেন, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের যুগ্ম সচিব বি.সি জোশীর নেতৃত্বে পাঁচ সদস্যের প্রতিনিধিদল গতকাল বিকেলে আগরতলায় এসে পৌছেছেন । এই দলে কৃষি, অর্থ, পরিবহন , জল সম্পদ এবং গ্রামোন্নয়ন মন্ত্রকের আধিকারিকরা রয়েছেন বলে তিনি জানান। প্রতিনিধি দল বন্যা কবলিত এলাকাগুলি পরিদর্শন করবেন। তিনি জানান, বন্যায়

এখন পর্যন্ত রাজ্যে ৩১ জনের মৃত্যু হয়েছে। ২ জন আহত হয়েছেন, ১ জন নিখোঁজ রয়েছেন। রাজ্যের সামগ্রিক বন্যা পরিস্থিতির আরও উন্নতি হয়েছে।

সচিব আরো জানান, বর্তমানে রাজ্যে ৩৬৯টি ত্রান শিবির চালু রয়েছে। যেখানে ৫৩ হাজার ৩৫৬ জন অবস্থান করছেন।
*****************************

**Finance Minister-Review Meeting :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ উদয়পুরে বন্যা পরবর্তী পরিস্থিতি নিয়ে এক আলোচনায় জলবাহিত বা অন্যান্য রোগ যাতে ছড়িয়ে না পড়ে তার জন্য প্রয়োজনীয় উদ্যোগ নিতে গোমতী জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিককে নির্দেশ দেন। তিনি বলেন, এখনও যে সকল ত্রাণ শিবিরগুলি চালু আছে সেগুলোকে ভালোভাবে তদারকি করতে হবে। শিবিরগুলিতে পানীয়জল সহ খাবারের যাতে অভাব না হয় সেই দিকে লক্ষ্য রাখতে তিনি প্রশাসনিক অধিকারিকদের নির্দেশ দেন।

**************************

**Oath-Ambassa :**

আমবাসা পঞ্চায়েত সমিতির নবনির্বাচিত নয়জন সদস্য ও সদস্যা আজ শপথ গ্রহণ করেছেন। আমবাসা ব্লক প্রাঙ্গনে আয়োজিত অনুষ্ঠানে শপথ বাক্য পাঠ করান জেলা পঞ্চায়েত আধিকারিক এস্থার জঙথে। আজ আমবাসা পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন হিসাবে হেমালী দেববর্মা এবং ভাইস চেয়ারম্যান হিসেবে শপথ গ্রহণ করেন উত্তম দেবনাথ।

***************************

**Subimal Roy :**

রাজ্যের বিশিষ্ট কথা সাহিত্যিক ও রবীন্দ্র সংগীত বিশেষজ্ঞ সুবিমল রায় আজ ভোরে আগরতলার জগতপুরস্থিত তার নিজ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৮ বছর। তিনি স্ত্রী এক ছেলে ও এক মেয়ে রেখে গেছেন। সুবিমল রায়ের মৃত্যুতে রাজ্যে শিল্পী সাহিত্যিক জগতে গভীর শোকের ছায়া নেমে আসে। আজ দুপুরে প্রয়াতের মরদেহ ত্রিপুরা দর্পণ, দৈনিক সংবাদ ভবন ও পরে ত্রিপুরা রবীন্দ্র পরিষদ প্রাঙ্গণে নিয়ে আসা হয়। সেখানে শিল্পী সাহিত্যিক ও গুণমুগ্ধরা তাকে শেষ শ্রদ্ধা জানান। আজ সন্ধ্যায় বটতলা মহাশ্মশানে তার শেষকৃত্য সম্পন্ন হয়। উল্লেখ, সুবিমল রায় দীর্ঘদিন ত্রিপুরার রবীন্দ্র পরিষদের সভাপতির দায়িত্বে ছিলেন। সাহিত্য চর্চায় বিশেষ অবদানের জন্য আগরতলা পুরসভা থেকে তাকে সরোজিনী পুরস্কার এবং পরবর্তী সময়ে রাজ্য সরকারের পক্ষ থেকে রবীন্দ্র পুরস্কার প্রদান করা হয়। সুবিমল রায়ের মৃত্যুতে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা গভীর শোক প্রকাশ করেছেন ও শোকসন্তপ্ত পরিবার-পরিজনদের প্রতি গভীর শোক ব্যক্ত করেছেন। এক শোকবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, তার অগণিত সৃষ্টির মাধ্যমে সমস্ত সাহিত্য প্রেমীদের মাঝে তিনি চিরস্মরণীয় হয়ে থাকবেন। বিধায়ক সুদীপ রায় বর্মন ও কথা সাহিত্যিক সুবিমল রায়ের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন।

******************************

**Ambassa-BJP :**

বিজেপির সদস্যতা অভিযানকে সামনে রেখে আজ জনজাতি মোর্চা ত্রিপুরা প্রদেশের এক দিবসীয় কর্মশালা অনুষ্ঠিত হয়

বিজেপির আমবাসা কার্যালয়ে। উপস্থিত ছিলেন জনজাতি মোর্চার প্রদেশ সভাপতি পরিমল দেববর্মা সহ অন্যান্য নেতৃবৃন্দ। জনজাতি মোর্চার প্রদেশ সভাপতি জানান, এবছর পয়লা সেপ্টেম্বর থেকে সদস্যতা অভিযান শুরু হবে।

*******************************

**JAN DHAN YOJANA :**

সরকারের প্রধান আর্থিক অন্তর্ভুক্তি প্রকল্প প্রধানমন্ত্রী জন ধন যোজনা আজ ১০ বছর পূর্ণ করেছে। এখনও পর্যন্ত ৫৩কোটিরও বেশি সুবিধাভোগী এই প্রকল্পের অধীনে ব্যাঙ্কে অ্যাকাউন্ট খুলেছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সমস্ত সুবিধাভোগীদের অভিনন্দন জানিয়েছেন এবং যারা এই প্রকল্পটি সফল করেছেন তাদের ধন্যবাদ জানিয়েছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী বলেছেন, জন ধন যোজনা আর্থিক অন্তর্ভুক্তি বাড়াতে এবং কোটি কোটি মানুষকে, বিশেষ করে মহিলা, যুবক এবং প্রান্তিক সম্প্রদায়ের মর্যাদা দেওয়ার ক্ষেত্রে সর্বোত্তম।

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ বলেছেন, এই প্রকল্পটি দরিদ্রদের অর্থনৈতিক মূলধারায় একীভূত করে এবং প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তিনি বলেন, গ্রামীণ বা আধা-শহর এলাকায় ৬৭ শতাংশ অ্যাকাউন্ট খোলা হয়েছে এবং ৫৫শতাংশ অ্যাকাউন্টই মহিলাদের।

***************************

**NTF Meeting :**

জাতীয় টাস্ক ফোর্স, NTF আজ চিকিৎসা সংক্রান্ত পেশায় নিযুক্তদের নিরাপত্তার জন্য স্বল্পমেয়াদী ব্যবস্থা নিয়ে বিভিন্ন

রাজ্যের মুখ্য সচিব এবং পুলিশের মহানির্দেশকদের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বৈঠক করেছে।

গতকাল, কেন্দ্রীয় মন্ত্রিপরিষদ সচিব নতুনদিল্লিতে টাস্ক ফোর্সের প্রথম বৈঠকে সভাপতিত্ব করেন। সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং টাস্কফোর্সের সদস্যরা তাদের পরামর্শ তুলে ধরেন। এনটিএফ সদস্যরা জানিয়েছেন যে বিভিন্ন অংশীদারদের সঙ্গে সরাসরি যোগাযোগ করা হয়েছে এবং পৃথকভাবে প্রায় ৩০০ থেকে ৪০০টি পরামর্শ পাওয়া গেছে।

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের ওয়েবসাইটে "Suggetion for NTF" নামে একটি জাতীয় পোর্টাল তৈরি করা হয়েছে, যাতে  সারা দেশের মানুষ এবং বিভিন্ন অংশীদারদের কাছ থেকে পরামর্শ চাওয়া হয়েছে। রাজ্যগুলিকে রাজ্যের চিকিৎসা প্রতিষ্ঠানগুলিতে উপলব্ধ সুরক্ষা ব্যবস্থা সম্পর্কে তথ্য দেওয়ার জন্যও অনুরোধ করা হয়েছে।

উল্লেখ্য, সুপ্রিম কোর্ট, কলকাতার আরজি কর মেডিকেল কলেজ ও হাসপাতালের একজন ডাক্তারকে ধর্ষণ ও হত্যার মামলার শুনানির সময় চিকিৎসা পেশাদারদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য জাতীয় টাস্ক ফোর্স গঠন করে। টাস্কফোর্সকে তিন সপ্তাহের মধ্যে অন্তর্বর্তী প্রতিবেদন এবং দুই মাসের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।

*****************************

**Post Flood-ARDD :**

বন্যা পরবর্তী পরিস্থিতিতে গৃহপালিত পশু-পাখিদের স্বাস্থ্য-যত্ন বিষয়ে ঊনকোটি জেলার নানাস্থানে চলছে প্রাণী চিকিৎসা শিবির।

শিবিরে আসা প্রাণী পালকদের এই সময়ে প্রাণী স্বাস্থ্য রক্ষায় করণীয়-কর্তব্য সম্পর্কে অবহিত তথা সচেতনতার বার্তা দেওয়া হচ্ছে। ইতিমধ্যেই ঊনকোটি জেলাতে 1473টি গবাদিপশু ও 2096টি হাঁস -মোরগের টিকাদান সম্পন্ন হয়েছে। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের ঊনকোটি জেলার উপ-অধিকর্তা ডাঃ রাহুল ধর পুরকায়স্থ জানান, জীবাণুবাহিত ও জলবাহিত রোগ প্রতিরোধে ঊনকোটি জেলাতে টিকাদান ও প্রাণী স্বাস্থ্যশিবির প্রতিদিন-ই করা হচ্ছে। প্রাণীদের পরিশ্রুত পানীয় জল পান করানোর জন্য প্রাণী পালকদের কাছে তিনি আবেদন জানান।

*************************

**Rail :**

শান্তিরবাজার, বিলোনিয়ার ও উদয়পুরের গর্জি এলাকায় রেল লাইনের সংস্কারের কাজ শেষ না হওয়ায় আজ ও আগামীকাল আগরতলা ও সাব্রুমের মধ্যে সমস্ত ডেমো ট্রেন বাতিল করা হয়েছে। তাছাড়া কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসটি আগামীকাল আগরতলা থেকে শিয়ালদহের উদ্দেশ্যে যাত্রা করবে। এন এফ রেলওয়ে সূত্রে আজ এখবর জানা গেছে।

*************************

**MLA visited-South :**

বিধায়ক দীপংকর সেন আজ শান্তিরবাজার মহকুমার বেতাগা, লাউগাং ও গাব্দাং পঞ্চায়েতের অশ্বিনী ত্রিপুরা পাড়ার বন্যা কবলিত এলাকা পরিদর্শন করেন। অশ্বিনী ত্রিপুরা পাড়ায় মাটি ধসে চাপা পড়ে মৃত ৭ জনের পরিবারের সদস্যদের সঙ্গে দেখা

করে তাদের মশারী, কাপড় সহ নিত্য প্রয়োজনীয় কিছু সামগ্রী প্রদান করেন।

******************************

**Assam Border :**

আসাম সরকার জোর দিয়ে বলেছে যে আসাম-বাংলাদেশ সীমান্ত সম্পূর্ণরূপে সিল করতে কেন্দ্র এবং রাজ্য সরকার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছে। রাজ্যের কৃষিমন্ত্রী অতুল বোরা আজ রাজ্য বিধানসভায় জানিয়েছেন যে সীমান্ত বেড়া বেআইনি অভিবাসন রোধ করবে। তিনি বলেন, মাত্র ৪ দশমিক তিন পাঁচ কিলোমিটার সীমান্ত বেড়ার কাজ বাকি রয়েছে। মন্ত্রী জানান যে বেড়ার বিষয়ে বর্ডার গার্ডস বাংলাদেশ উত্থাপিত সমস্যাগুলিও সমাধান করা হয়েছে।

*****************************

**Bangla Bandh :**

বাংলায় বিজেপির ১২ ঘন্টার বনধের ডাকে আজ মিশ্র প্রতিক্রিয়া দেখা গেছে। কলকাতায় যানজট কম ছিল, দোকানপাট ও স্কুল-কলেজ খোলা ছিল। প্রাইভেট কার, ট্যাক্সি ও বাসের সংখ্যাও কম ছিল। শহরে মেট্রো ও বিমান পরিষেবা স্বাভাবিক রয়েছে। কলকাতা ও পার্শ্ববর্তী জেলার বিভিন্ন স্থানে ধর্মঘটের কারণে শহরতলির ট্রেন পরিষেবা ব্যাহত হয়েছে। নন্দীগ্রাম ও আলিপুরদুয়ারে রাস্তার যান চলাচল ব্যাহত হয়েছে। মালদায়, রাস্তা অবরোধকে কেন্দ্র করে টিএমসি এবং বিজেপি কর্মীদের মধ্যে সংঘর্ষ হয়েছে। উত্তর ২৪ পরগনা জেলার ব্যারাকপুর রেলস্টেশন থেকেও বিজেপি ও তৃণমূল কংগ্রেস সমর্থকদের মধ্যে সংঘর্ষের খবর পাওয়া গেছে।

ব্যারাকপুরেগুলি চালানোর ঘটনা ঘটেছে। ব্যারাকপুরে এক বিজেপি নেতাকে আটক করেছে পুলিশ।

আরজি কর ধর্ষণ ও হত্যার শিকারের বিচারের দাবিতে গতকাল রাজ্য সচিবালয় নবান্নের দিকে সমাবেশে অংশ নেওয়া শিক্ষার্থীদের বিরুদ্ধে পুলিশের ভূমিকার প্রতিবাদে এই বনধের ডাক দেওয়া হয়। গ্রেফতার করা হয়েছে ২০০ জনেরও বেশি ব্যক্তিকে।

*************************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতা আগামীকাল থেকে শুরু হচ্ছে। উদ্বোধনী ম্যাচে এগিয়ে চলো সংঘ ও নাইন বুলেটস ক্লাব পরষ্পরের মুখোমুখি হবে। আজ এক সাংবাদিক সম্মেলনে টিএফএ থেকে এই ঘোষনা দেয়া হয়েছে। এবারের এই আসরের শিরোনাম স্পন্সর করেছে শ্যাম সুন্দর কোং জুয়েলার্স। মোট ১০টি ক্লাব আসরে অংশ নিয়েছে। সিঙ্গেল লিগ কাম সুপার লিগের ভিত্তিতে আসরে চ্যাম্পিয়নশীপের ফয়সলা হবে। খেলা হবে উমাকান্ত মিনি স্টেডিয়ামে। প্রতিদিন বিকাল ৩টায় এবং নৈশালোকে সন্ধ্যা ৬টায় দুটি করে খেলা হবে। সাংবাদিক সম্মেলনে আরো জানানো হয়েছে। আসরের চ্যাম্পিয়ন দলকে ট্রফি সহ ১ লক্ষ টাকা ও রানার্স দলকে ট্রফি সহ ৭৫ হাজার টাকা প্রাইজমানি দেয়া হবে। এছাড়া প্রতি ম্যাচের সেরা খেলোয়াড়কেও পুরষ্কার দেয়া হবে। সাংবাদিক সম্মেলনে টিএফএ সভাপতি প্রণব সরকার, সহ-সভাপতি রূপক সাহা সহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

*****************************

**National Sports Day :**

প্রখ্যাত হকি খেলোয়াড় ধ্যানচাঁদের জন্মদিন উপলক্ষে আগামীকাল সারা রাজ্যে বিভিন্ন ক্রীড়া অনুষ্ঠানের মাধ্যমে জাতীয় ক্রীড়া দিবস পালন করা হবে। জাতীয় ক্রীড়া দিবসে রাজ্যভিত্তিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে আগরতলায় নেতাজী সুভাষ আঞ্চলিক ক্রীড়া প্রশিক্ষণ কেন্দ্রে (এনএসআরসিসি)। দুপুর ২টায় আয়োজিত রাজ্যভিত্তিক অনুষ্ঠানে বিভিন্ন প্রতিযোগিতায় পদক বিজয়ী ক্রীড়াবিদ ও প্রশিক্ষকদের সংবর্ধনা জানানো হবে।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর এবং ধলাই জেলার দু এক জায়গায় ভারী বর্ষণের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১ দশমিক দুই ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস। সকাল সাড়ে আটটা থেকে দুপুর আড়াইটা পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে এক দশমিক চার মিলিমিটার।

*********************************